গর্ববোধ করেন বিদেশী ইংরেজ। Mark Tully, B.B.C.-র প্রতিনিধিরূপে দীর্ঘকাল ছিলেন ভারতে। লন্ডনে এক আলোচনা চক্রে তিনি বলেন ঃ আমি বিশ্বাস করি, ভারতের উচিৎ হবে তার আপন সভ্যতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা। অধিকাংশ ভারতবাসীই বিশ্বাস করে তাদের সভ্যতা মূলতঃ হিন্দু সভ্যতা। আশ্চর্যের বিষয় হল, ভারতে যেই না আপনি হিন্দু ধর্মের সম্বন্ধে কিছু বললেন, অমনি আপনাকে BJP অথবা RSS* এর লোকে বলে অভিহিত করা হবে। কিন্তু আমি গভীর ভাবে বিশ্বাস করি যে, ভারতের গর্বের সঙ্গে দাবি করা উচিৎ হিন্দুত্ব বা হিন্দুধর্মই হল আমাদের সভ্যতার ভিত্তি ;এবং হিন্দুদেরও গর্বের সঙ্গে ঘোষণা করা উচিৎ যে তারা হিন্দু (I believe that India has to have some way of expression its respect for its own civilisation .... most Indians feel that there is a Hindu base to their civilisation. He further says : As soon as you talk about Hinduism in Bharat, are immediately been accused of or told that you are BJP or RSS or something like that .....

---

দ্বিতীয়ত প্রথমোক্ত তিনটি দেশে জনগণ পুনরায় পুনর্মিলন দাবি করেছে। আন্তর্জাতিক রাজনীতির কারণে তা বিলম্বিত হয়েছে। আজ জার্মানী ও ভিয়েতনাম ঐক্যবদ্ধ ; কোরিয়াতেও দুই অংশের মধ্যে ঐক্য আলোচনা চলছে। এদেশে হিন্দু অখণ্ড ভারত গঠনে ঐকান্তিক আগ্রহী। বিরোধী মুসলমান। তারা ভুলেও অখণ্ড ভারতের দাবি করে না। কারণ তারা ভারতীয় নয়। জনসংঘ ও হিন্দুমহাসভা এ দাবি করত। ধর্ম নিরপেক্ষ রাজনৈতিক দলগুলি তাকে সাম্প্রদায়িক বলে নিন্দা করে।

* এর অর্থ কি এই যে, RSS, BJP, VHP, হিন্দু-সংহতি ও সমগোত্রীয় অন্য হিন্দু সংগঠনের সমর্থকরাই হিন্দু, অন্যরা জন্মসূত্রে হিন্দু হয়েও প্রায় শতবর্ষব্যাপী ধর্ম নিরপেক্ষতার 'ট্যাবলেট' নিয়মিত সেবন করে হিন্দু বিদ্বেষী নব মুসলমান?

RSS—রাষ্ট্রীয় স্বয়ং সেবক সঙ্ঘ। রাষ্ট্রের সেবা করা যাদের ঘোষিত লক্ষ্য। এদেশের স্বঘোষিত বুদ্ধিজীবীদের নিকট তারা হলেন সাম্প্রদায়িক। কিন্তু যে Muslim League—ভারতে হিন্দু রক্তের প্লাবন বইয়ে দিয়ে দেশভাগ করেছে, তারা হল Secular বা ধর্মনিরপেক্ষ। কংগ্রেস-কম্যুনিষ্টদের জোট সঙ্গী, সোনিয়া-মনমোহনের প্রগতিশীল সরকারের অংশীদার...।

---

১. একনাথ রাণাডে—স্বামীজীর হিন্দুরাষ্ট্র চিন্তা, পৃঃ! ৮০

But I do profoundly believe that India needs to be able to say with pride, yes our civilization has a Hindu base to it and for Hindus to be able to say with pride that they are Hindus.

(The Asian Age 27.8.97)

## মুক্তি সংগ্রামের মন্ত্র—বন্দেমাতরম

স্বামী বিবেকানন্দ ও সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র ছিলেন হিন্দু জাগরণ ও জাতীয়তাবাদের অগ্রদূত। উভয়ের দৃষ্টিতেই ভারত ভূমি মাতৃরূপে প্রতিভাত। 'স্বামীজীর অগ্নিগর্ভ বাণী, ত্যাগ ও বিশ্বাসের আদর্শ পরাধীনতার নাগপাশে আবদ্ধ, গভীর অবসাদ ও নৈরাশ্য ক্লিষ্ট ক্ষীয়মান মুমূর্ষ জাতির প্রাণে প্রগাঢ় দেশপ্রেম, অপরিসীম আত্মবিশ্বাস ও অত্যুগ্র আশার সঞ্চার করে ভারতে এক নবযুগের সূত্রপাত করল'।[১] উত্তরবঙ্গের সন্ন্যাসী বিদ্রোহকে কাল্পনিক গৌরবময় ভূমিকায় স্থাপন করে বঙ্কিমচন্দ্র "আনন্দমঠে দেশাত্মবোধের—মহাকাব্য রচনা করেন ..... এর অগ্নিগর্ভ স্বদেশপ্রেম ও রক্তাক্ত আত্মোৎসর্গ সন্ত্রাসবাদের যুগে বিপ্লবীদের মনে উদ্দীপনা ও হাতে আগ্নেয়াস্ত্র জুগিয়েছিল, আর বন্দেমাতরম তো পরবর্তীকালে সমরসঙ্গীতে পরিণত হয়েছিল"—লিখেছেন শ্রী অসিত কুমার বন্দ্যোপাধ্যায়—বিভাগীয় প্রধান, (অবসরপ্রাপ্ত) বাংলা, কলিকাতা বিশ্ববিদ্যালয়। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী বঙ্কিমচন্দ্র সম্বন্ধে বলেছেন—তিনি আমাদের আচার্য, তিনি আমাদের ঋষি, তিনি আমাদের মন্ত্রদ্রষ্টা, সে মন্ত্র বন্দেমাতরম। কিন্তু গানটিতে পৌত্তলিকতার (অতএব ইসলাম বিরোধী) অভিযোগ তুলে আপত্তি জানায় মুসলমান। ভারতে ইসলামের প্রতিনিধি গান্ধী নেহেরু মুসলমানের দাবি অনুযায়ী সিদ্ধান্ত করেন যে, গানটির মাত্র প্রথম দুটি স্তবক গাওয়া যেতে পারে। প্রায় অর্ধ শতবর্ষ ব্যাপী যে মহাসঙ্গীত ভারতবর্ষে দেশপ্রেমের যে উত্তাল তরঙ্গ সৃষ্টি করেছিল এবং স্বদেশ প্রেমের বন্যায় দেশবাসীকে প্লাবিত করেছিল ; মুসলমানের প্রীতি লাভে সেই সঙ্গীতকে দ্বি-খণ্ডিত করা হল। দ্বি-খণ্ডিত হল তাঁর 'প্রাণময়ী ও মনোময়ী আত্মিক মূর্তি'। পরিণাম ভারত বিভাগ। বঙ্কিমচন্দ্র যথার্থই বলেছেন—যে জননীকে স্বর্গাদপি গরিয়সী মনে করিতে পারে না, সে জাতি মধ্যে হতভাগ্য। আমরা সেই হতভাগ্য জাতি। সকল ধর্মের উপর স্বদেশ প্রেম ইহা বিস্মিত হইও না।

ধর্মনিরপেক্ষ ভারতে স্বদেশ প্রেম ও জাতীয়তাবোধ নিন্দিত। তাই তো দেশ ও জাতির অস্তিত্ব আজ বিপন্ন। ইসলামি জেহাদের আল্লা-হো-আকবর রণহুঙ্কারে ভারত আতঙ্কিত ও বিধ্বস্ত। ভারত বিরোধী ধর্মনিরপেক্ষ দুষ্ট চক্র 'বন্দেমাতরম'-এর বিরোধিতায় এখনও সক্রিয়। ১৯৯২ সাল। লোকসভা স্পীকারের আহূত সভায় General

১. স্বামী লোকেশ্বরানন্দ—চিন্তা নায়ক বিবেকানন্দ, পৃঃ ১১৯

Purpose Committee সিদ্ধান্ত নেয়, জাতীয় সংহতিকে শক্তিশালী করার জন্য লোকসভার অধিবেশন—"বন্দেমাতরম" দিয়ে শুরু হবে, শেষে গাওয়া হবে "জনগণ মন"। মুসলিম লীগের (কেন্দ্রে কংগ্রেস ও কেরালায় কম্যুনিষ্ট সরকারের শরিক) সাংসদ সুলেমাইন সইত আপত্তি জানিয়ে বলেন এ গান মুসলমানের ধর্মবোধে আঘাত দেয়। তাকে সমর্থন করেন বাবরি মসজিদ এ্যাকশন কমিটির চেয়ারম্যান ও জনতা দলের প্রাক্তন সাংসদ সৈয়দ সাহাবুদ্দিন, CPI-র ইন্দ্রজিৎ গুপ্ত (ইনি বগুড়ার দাঁতের ডাক্তার আমেদের তালাকপ্রাপ্তা স্ত্রী সুরাইয়া বেগমকে বিবাহ করার জন্য ইসলামে ধর্মান্তরিত হন—নতুন নাম হয় ইমতিয়াজ গনি) CPI (M)-এর সোমনাথ চ্যাটার্জী (বিগত লোকসভার স্পীকার) এবং কংগ্রেসের চন্দ্রজিৎ যাদব। .....৭ই সেপ্টেম্বর (২০০৬) 'বন্দেমাতরম্'-এর শতবর্ষ পূর্তি উপলক্ষে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক থেকে এক সার্কুলারে সকল রাজ্য সরকারকে ঐদিন স্কুলে গানটি গাইবার নির্দেশ দেওয়া হয়। আপত্তি জানায় মুসলমান। দিল্লীর জামা মসজিদের শাহী ইমাম সৈয়দ আহমেদ বুখারি বলেন—বন্দেমাতরম্ গানটি মুসলিম ধর্মীয় বিশ্বাসের বিরোধী। মুসলমানের তীব্র প্রতিক্রিয়ায় মন্ত্রী অর্জুন সিংহ জানান, বন্দেমাতরম্ বাধ্যতামূলক নয়। প্রতিবাদ জানিয়ে বিজেপি'র বিজয় কুমার মালহোত্রা বলেন—"....কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রী আসলে উগ্রপন্থী এবং জাতীয়তাবাদ বিরোধীদের কাছে আত্মসমর্পণ করেছেন"—(আনন্দ বাজার ২২.৮.২০০৬) দেশের জাতীয় সঙ্গীত গাওয়া বা না গাওয়া কি ঐচ্ছিক হতে পারে?

ধর্মনিরপেক্ষ ভারত। ডাঃ জাকির হোসেন রাষ্ট্রপতি। সরকারি অর্থে তিনি রাষ্ট্রপতির বাড়ির মধ্যেই নির্মাণ করেন মসজিদ। (The Statesman 10th and 11th Jan, 2005) সে মসজিদ এখনও বিদ্যমান। হিন্দু রাষ্ট্রপতিদের জন্য কি মন্দির নির্মাণ করা হয়েছে? প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ডঃ মুরলী মনোহর যোশী নয়া দিল্লীর বিজ্ঞান ভবনে রাজ্য শিক্ষামন্ত্রীদের এক সম্মেলন আহ্বান করেন। বিষয় শিক্ষা। সম্মেলনের উদ্‌বোধন হয় জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী বন্দনা দিয়ে ঃ প্রতিবাদে কংগ্রেস—কম্যুনিষ্ট শাসিত রাজ্যের শিক্ষামন্ত্রীগণ ত্যাগ করে সম্মেলন কক্ষ। কিন্তু সরকারি অনুষ্ঠানে কোরান পাঠের আসরে যোগ দেন সানন্দে। ২০০৪ সালে পশ্চিমবঙ্গের জনৈক CPI (M) মন্ত্রী রেড রোডে প্রচার মাধ্যমের উপস্থিতিতেই ঈদের নামাজ পরিচালনা করেন। পঃ বাংলার CPI (M) পরিচালিত বামফ্রন্ট সরকার মুসলমানকে তুষ্ট করার জন্য বাংলার গর্ব ছৌ-নাচ থেকে গণেশ বন্দনা (ছৌ-নাচের আবশ্যিক নৃত্য অঙ্গ) বাদ দিয়েছে। অন্য দিকে মাদ্রাসার জন্য বামফ্রন্ট সরকার অঢেল অর্থ ব্যয় করছে। কোরান-হাদিস মাদ্রাসার প্রধান পাঠ্যসূচী। কোরানে অ-মুসলমানদের বলা হয়েছে কাফের। যাদের হত্যা করাই হল পরম কারুণিক আল্লাহর বিধান। জনগণের অর্থে মুসলমানদের এই শিক্ষা দেওয়া হয়। ধর্মনিরপেক্ষতার নামে এই দ্বি-চারিতা বিশ্লেষণ করেছেন Bibhuti Bhusan Nandy—Former Addl.

Secy. RAW .... Ministers (CPI-M) boycott Saraswati bandana at public functions, and excise, Ganesh Bandana from 'Chau' Dance but do not mind sitting through koran talewat at official function ..... The State Govt. Spends more than Rs. 15-crores (much larger now) annually on Madrasa education, focussed on teaching Koran and Hadis—the Koran which calls all non-muslims kafirs and ordains gratitious annihilation, is taught at state expenses. (The Statesman 21.1.2005)

ধর্মের দেশ, দেবভূমি এই ভারতবর্ষ। এদেশের শিল্প, সাহিত্য-সঙ্গীতে তো ধর্মের প্রভাব থাকবেই। বস্তুতঃ ধর্মকে অস্বীকার করে আজ পর্যন্ত কোন সভ্যতা সংস্কৃতি গড়ে ওঠেনি। ভারতের জনগণের শতকরা প্রায় ৮০ জন হিন্দু। ভারতের জাতীয় সংগীতে মৃন্ময়ী মাতৃ মূর্তির চিন্ময়ী রূপ কল্পনা তো থাকাই স্বাভাবিক। তাতে বিধর্মী বিজাতীয় মুসলমানের আপত্তি করার কোন সঙ্গত অধিকার আছে কি? গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা সংখ্যাগুরুর মতানুসারে 'পরিচালিত হয় বিশ্বের সর্বত্র। তবে এদেশে সংখ্যালঘু মুসলমানের মতকে অগ্রাধিকার দেওয়া কেন? বিশেষত যে মুসলমান বিগত প্রায় ১৩০০ বছর ধরে ভারতের বুকে ভৈরব নর্তন করে চলেছে। বন্দেমাতরম্ গানটি গাওয়া হলে মুসলমানের ধর্মবোধ আহত হয় ঃ আবার অঙ্গচ্ছেদে হিন্দু হয় বেদনাহত। তাহলে বিপুল সংখ্যাগরিষ্ঠ হিন্দুর ভাবাবেগকে অবজ্ঞা করে মুসলমানকে তোষণ করা হয় কোন যুক্তিতে। যুক্তি একটাই। ধর্মনিরপেক্ষতার অভিধানে হিন্দু আবেগ অনুভূতি শূন্য, ইট-কাঠ পাথরের ন্যায় 'জড়' পদার্থরূপে বিবেচিত হয়। এই অভিশপ্ত ধর্মনিরপেক্ষতার মূল মন্ত্র 'হিন্দু পীড়ন ও মুসলিম তোষণ'—উৎস যার গান্ধী-নেহরুর হিন্দু বিদ্বেষে ; রূপায়ণে কংগ্রেস-কম্যুনিষ্ট জোট।

## সংস্কৃত ও উর্দু

সংস্কৃত ভাষা আমাদের সুপ্রাচীন সভ্যতা-সংস্কৃতির ধারক। বিখ্যাত ফরাসী মনীষী ডঃ লুই রোনো যথার্থই বলেছেন ঃ পাশ্চাত্যের বিদগ্ধ মহলে ভারতের প্রতি যে সশ্রদ্ধ ভালবাসা রয়েছে, রয়েছে উচ্চ ধারণা, তার কারণ ভারতের পরম্পরাগত সংস্কৃতি। সর্বোপরি এই সংস্কৃতি সংস্কৃত ভাষার রত্ন ভাণ্ডারে সুরক্ষিত। রাজনীতিবিদ্দের আবেগ সর্বস্ব দীর্ঘ উত্তেজক ভাষণ সত্ত্বেও সংস্কৃত এবং ভারতবর্ষ অঙ্গাঙ্গীভাবে সম্পর্কযুক্ত। (If India is beloved and cherished among the elite of the west, it is on account of her traditional culture. And this culture is embeded above all in the treasure of Sanskrit. Sanskrit and India are inseperably connected inspite of all the transitory harangues of the politicians.[১] স্বদেশের গৌরবময় সাংস্কৃতিক ঐতিহ্যের আমরাও উত্তরাধিকারী, এই উপলব্ধি থেকেই দেশের প্রতি অনুরাগ

১. ডঃ ধ্যানেশ নারায়ণ চক্রবর্তী শাস্ত্রী—জন শিক্ষায় সংস্কৃত, পৃঃ ২১

ও দেশপ্রেমের সৃষ্টি। শুধু দেশপ্রেম নয়, বহু ভাষা ও রাজ্যে বিভক্ত ভারতবাসীর ঐক্য ও সংহতি স্থাপনেও সংস্কৃত ভাষার ভূমিকা অদ্বিতীয়। বিখ্যাত ঐতিহাসিক ও রাজনীতিবিদ ডঃ কে. এম. পানিক্কর বলেছেন, সংস্কৃত এবং সংস্কৃতর পরম্পরা হতে সম্পর্কচ্যুত হলে ভারতের সংহতি ও ঐক্য বিপন্ন হবে। (The unity of India will collapse if it ceases to be related to Sanskrit and breaks away from Sanskrit and Sanskrit Tradition) [১] ভারতের প্রথম রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্রপ্রসাদও এই কথাই প্রত্যয়ের সঙ্গে বলেছিলেন—"ভারতের সংস্কৃতি ও সৃজনী শক্তির অনুপ্রেরণা হল সংস্কৃত ভাষা। তার অতীত গৌরব, উচ্চ মহতী চিন্তা, আধ্যাত্মিক আকুতি এই ভাষাতেই সযত্নে রক্ষিত। অতীতে বহু শতবর্ষ ধরে সংস্কৃতই ছিল ভারতের ঐক্যের ভিত্তি স্বরূপ। (Sanskrit is the language of Indian Culture and inspiration ..... for many centuries in the past Sanskrit provided the principal basis of the unity of India.)[২]

ভারত বিভাগের খল নায়ক নেহেরু ছিলেন ভারতের ধর্ম ও সংস্কৃতির প্রতি বিদ্বিষ্ট। তিনি গর্ব করে বলতেন—আমি জন্মে হিন্দু, শিক্ষায় ইংরেজ—ও সংস্কৃতিতে মুসলমান। অর্থ পরিষ্কার। জন্ম দৈবাধীন। ব্যক্তির কোন ভূমিকা নেই। শিক্ষায় কিঞ্চিৎ আছে। কিন্তু সংস্কৃতিই ব্যক্তি সত্তার যথার্থ প্রতিফলন। আর সেখানেই তিনি মুসলমান—ইসলামি সংস্কৃতিতে বিশ্বাসী। চাটুকার বুদ্ধিজীবির দল নেহেরুর অকপট স্বীকারোক্তির মধ্যে তাঁর মহত্ব ও উদারতার সন্ধান পান। কারণ হিন্দু ও হিন্দুত্বের প্রতি বিদ্বেষ ও ইসলাম প্রীতি হল ধর্মনিরপেক্ষতার প্রথম শর্ত। নেহেরু ঘোষণা করলেন সংস্কৃত হল একটি মৃত ভাষা (Dead Language)। পরিকল্পনা মত শিক্ষায় সংস্কৃতের স্থান হল সঙ্কুচিত—বর্তমানে তা লুপ্ত প্রায়। সংস্কৃতকে নির্বাসনে পাঠিয়ে অভিষেক হল উর্দুর। উর্দুর প্রসার ও প্রচারের জন্য কেন্দ্রীয় সরকারের উদ্যোগে স্থাপিত হয়েছে Urdu Academy. উত্তরপ্রদেশে স্থাপিত হয়েছে উর্দু বিশ্ববিদ্যালয়। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রী অর্জুন সিং জানান—যে সকল জেলায় মুসলমানের সংখ্যা ১০/১২ শতাংশ ; এই রকম ১২৫টি জেলায় উর্দু মাধ্যম বিদ্যালয় স্থাপন করার বিশেষ প্রকল্প তাঁর মন্ত্রকের বিবেচনাধীন (Hindustan Times 14.7.2006) ভারতের প্রতিটি রাজ্যে TV ও Radio থেকে নিয়মিত উর্দু সংবাদ ও অনুষ্ঠান সম্প্রচার করা হয়। সরকারি অফিসে উর্দু টাইপিষ্ট নিয়োগ করা হচ্ছে। প্রশ্ন ওঠা স্বাভাবিক—সরকার উর্দু প্রচারে এত আগ্রহী কেন—কেনই বা উর্দু মুসলমানদের প্রাণাধিক প্রিয় ? প্রখ্যাত সাংবাদিক M. J. Akbar লিখেছেন ঃ "৪৭ সালের মধ্যে যুদ্ধের ভাষা (হাতিয়ার) রূপে উর্দুর রূপান্তর ঘটে .... পাকিস্তান রাষ্ট্র গঠনে উর্দুর অবদান সর্বাধিক। (.....by 1947, Urdu had become the language of war

১. — ঐ — পৃঃ ৩১
২. — ঐ — পৃঃ ২১

...... if any language could be said to have created Pakistan, it was surely Urdu. The Asian Age 28.9.97) উর্দু পাকিস্তানের রাষ্ট্রভাষা। এদেশের মুসলমান এই ভাষার মাধ্যমে স্বপ্ন দেখে নয়া পাকিস্তানের। মুসলমানের উর্দু প্রীতির কারণ না হয় বোঝা গেল। কিন্তু কংগ্রেস-কমুনিষ্ট সরকার উর্দু প্রসারে এত আগ্রহী কেন? উভয়ের কি একই উদ্দেশ্য?

রাষ্ট্রীয় অর্থে উর্দু আরবি, কোরাণ ও ইসলামের ইতিহাস পড়ার পর্যাপ্ত ব্যবস্থা আছে। মুসলমান মাদ্রাসায় কোরান পড়ে, খ্রীষ্টানরা বাইবেলের পাঠ নেয় মিশনারী স্কুলে। হিন্দুস্থানে শুধুমাত্র হিন্দু এই সুযোগ থেকে বঞ্চিত। শিক্ষার পাঠক্রম থেকে সংস্কৃতকে কার্যত বিদায় দিয়ে হিন্দুর ধর্ম, সংস্কৃতি ও ইতিহাস অধ্যয়ন ও গবেষণার সকল পথ রুদ্ধ করা হয়েছে। হিন্দুস্থানে স্কুল কলেজে হিন্দু ধর্ম, শ্রী রামচন্দ্র ও শ্রীকৃষ্ণ সম্বন্ধে পড়ানো হয় না। পড়ানো হয় আরবের পয়গম্বর ও ইসলাম ধর্মের ইতিহাস। (দ্রষ্টব্য ঃ ইতিহাস—মধ্যযুগ (৭ম শ্রেণীর পাঠ্য)—পঃ বঃ মধ্য শিক্ষা পর্ষৎ। ধর্মনিরপেক্ষ ভারতে মর্যাদাপুরুষোত্তম রামচন্দ্র ও ভগবান শ্রীকৃষ্ণের জন্মদিনে ছুটি হয় না ; সবেতন ছুটি হয় জেহাদের স্রষ্টা, ৮০টি জেহাদ বা ধর্মযুদ্ধের (বিধর্মী নিধনের জন্য ইসলামের ধর্মযুদ্ধ) সুপ্রীম কমান্ডার পয়গম্বর মহম্মদের জন্মদিনে।

দার্শনিক শ্রেষ্ঠ ডঃ সর্বপল্লী রাধাকৃষণ্ন বলেছেন ঃ "হিন্দু সংস্কৃতির একটা অন্তর্নিহিত ঐক্য আছে, যদিও খুব কাছ থেকে পরীক্ষা করলে এর নানা বর্ণ ও তার বিচিত্র রূপ দেখা যায়।[১] এ হল ঐক্যের মধ্যে বৈচিত্র্য—Diversity in unity. কিন্তু উদ্দেশ্য প্রণোদিত হয়ে বিপরীতটি বলা হয়—বৈচিত্র্যের মধ্যে ঐক্য। সম্পূর্ণ অবাস্তব। হিন্দুধর্ম, সংস্কৃতি ও জাতীয়তাবাদকে হেয় ও খর্ব করার উদ্দেশ্যে আরব ও চীনের মাসোহারা প্রাপ্ত 'সেক্যুলার' বুদ্ধিজীবিরা 'বৈচিত্র্যের মধ্যে ঐক্য' তত্ত্বকে আপ্ত বাক্যরূপে গ্রহণ করে প্রচার করেন—বিভিন্ন ধর্ম, ভাষা, সংস্কৃতি ও জাতি নিয়ে গঠিত এই ভারতবর্ষ। মিশ্র তার সংস্কৃতি*। একতা নয়, তাঁরা প্রাধান্য দেন বৈচিত্র্যকে। এক জাতীয়তাবাদ সংহতির ধারক, বহু জাতীয়তাবাদ সংহতি নাশক। সুপ্রীম কোর্ট এক রায়ে সতর্ক করে বলেছেন—"ভারতের বিভিন্ন শ্রেণীর মানুষের মধ্যে বহু জাতীয়তাবাদের ধারণা যাতে না জন্মাতে পারে, সে দিকে লক্ষ্য রেখেই সংখ্যালঘু কমিশনের কাজ করা উচিৎ"— আনন্দবাজার ১১.৮.২০০৫। সংস্কৃত হল জাতীয়তাবাদ, স্বদেশপ্রেম, জাতীয় ঐক্য ও সংহতির ধারক।

* বহু নদ-নদীর জলধারা নিয়ে স্রোতস্বিনী জাতীয় নদী গঙ্গা। কিন্তু একবার গঙ্গায় মিশে গেলে ঐ সকল জলধারা হারিয়ে ফেলে তাদের স্বাতন্ত্র্য—তখন সবই গঙ্গা জল। সংস্কৃতির ক্ষেত্রেও এই নিয়ম। 'মিশ্র সংস্কৃতি' বলে কিছু নেই।

১. সর্বপল্লী রাধাকৃষ্ণণ—ধর্ম ও সমাজ, পৃঃ ৯২

কিন্তু ধর্ম নিরপেক্ষতার উদ্গাতা ও তাদের যোগ্য উত্তরসুরীগণ জাতীয়তাবাদ বিরোধী ও বিজাতীয় ভাবধারার পৃষ্ঠপোষক। তাই সংস্কৃত উপেক্ষিত—সমাদৃত উর্দু।

## মুসলিম তোষণ

ইসলাম ও সেকুলারিজিম বা ধর্মনিরপেক্ষতার অবস্থান দুই বিপরীত মেরুতে। অথচ মুসলিম লীগ, হায়দারাবাদ নিজামের কুখ্যাত রাজাকারদের নিয়ে গঠিত MIM নেতা সুলতান সালাউদ্দিন ওয়াসিস্, মার্কসবাদী ঐতিহাসিক ইরফান হাবিবসহ এদেশে বসবাসকারী সকল মুসলমান ভারতের ধর্মনিরপেক্ষ নীতির একনিষ্ঠ সমর্থক। যদিও সকল মুসলিম রাষ্ট্রে ইসলামি শাসন প্রতিষ্ঠিত। তবে এদেশের মুসলমানদের এই ধর্মনিরপেক্ষতা প্রীতি কেন? শ্রী গৌতম রায়— "ধর্মধ্বজী, ধর্মনিরপেক্ষ" শীর্ষক প্রবন্ধে (আনন্দবাজার, ১৬.৪.২০০৯) তার যুক্তিনিষ্ঠ বিশ্লেষণ করেছেন। ধর্মনিরপেক্ষতা স্বাধীনভাবে ধর্মাচরণ ও ধর্মান্তরণের স্বাধীনতা দেয়। ইসলাম ও খ্রীষ্টধর্ম ধর্মান্তরণের দ্বারাই বিশ্বব্যাপী প্রচারিত হয়েছিল। শ্রী রায় লিখেছেন— "ধর্মান্তরণ যে ধর্মের প্রসার ও প্রচারের মূল পদ্ধতি, ধর্মনিরপেক্ষতা তার কাছে একটি তাৎক্ষণিক সুবিধাবাদী কৌশলগত হাতিয়ার....। বিশ্বের অনেক দেশেই মুসলিমরা সংখ্যালঘু। আর যেখানেই তাঁরা সংখ্যালঘু, সেখানেই ধর্মনিরপেক্ষতার প্রতি তাঁদের পক্ষপাত প্রবল। সংখ্যালঘুত্ব ক্রমশ ঘুচে এলে, সংখ্যাগুরুতে পরিণত হতে পারলে সবার আগে তাঁদের হাতে জবাই হবে এই ধর্মনিরপেক্ষতা....। শাসনব্যবস্থা যেখানে মুসলিমদের হাতে, সেখানে অ-মুসলিম কাফেরদের ইসলামে দীক্ষিত করাই রাষ্ট্রনীতি। রাষ্ট্রের কোন ধর্ম হয় না, রাজনীতি বা রাষ্ট্রনীতির সঙ্গে ধর্মকে মেশানো অনুচিত—এসব কথা সেখানে ধর্মদ্রোহের সামিল।

অ-মুসলিম সংখ্যালঘুদের কথা ছেড়েই দেওয়া গেল, মুসলিমদেরই একটি শাখা আহমদিয়ারা সে দেশে (পাকিস্তানে) 'মুরতাদ' বা ধর্মদ্রোহী ঘোষিত। তাঁদের বেঁচে থাকারও অধিকার নেই; এবং তাঁদের হত্যা করলে কোনও শাস্তি নেই। এজন্য এমনকি পাকিস্তানের সংবিধান পর্যন্ত সংশোধন করেন—না, অন্য কেউ নন—ধর্মনিরপেক্ষ গণতন্ত্রী বলে পরিচিত জুলফিকার আলি ভুট্টো। উপমহাদেশেরই ছোট্ট দ্বীপ রাষ্ট্র মালদ্বীপের দিকে তাকান। মুসলিম গরিষ্ঠতার এই খুদে রাষ্ট্রটিও সংবিধান সংশোধন করে অ-মুসলিমদের নাগরিকত্ব কেড়ে নিয়েছে। হৃত সেই নাগরিকত্ব ফিরে পেতে গেলে সব অ-মুসলিমকে ইসলামে দীক্ষিত হতে হবে।" এই জন্যই জামাত-ই-ইসলামি দাবী করে— "ধর্মনিরপেক্ষতার দায়বদ্ধতা হতে মুসলমানদের ছাড় দিতে হবে।"

এই ধর্মনিরপেক্ষ নীতির জন্যই মুসলমান আজ এক বিশেষ সুবিধাভোগী শ্রেণীরূপে প্রতিষ্ঠিত। ধর্ম-শিক্ষা-চাকুরি সকল বিষয়েই মুসলমান বিশেষ সুবিধা ভোগ করে। হিন্দু যা হতে বঞ্চিত। এই নীতির জন্যই মুসলমানকে পরিবার পরিকল্পনার বাইরে রাখা

**হয়েছে। পাঁচটি করে সাদি আর ২৫টি বাচ্চা পয়দা, বাংলাদেশ থেকে জনস্রোতের ন্যায় মুসলিম অনুপ্রেবেশের কল্যাণে অচিরেই মুসলমান হবে সংখ্যাগরিষ্ঠ। মুসলিম ছাত্রদের জন্য সংরক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। সর্বভারতীয় চাকুরী ও টেকনিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির পরীক্ষার জন্য সরকারের তরফে মুসলিম ছাত্রদের বিনা বেতনে কোচিং-এর ব্যবস্থা আছে। অন্ধ্রপ্রদেশ সরকার মুসলমানের জন্য সরকারি চাকুরীতে ৫ শতাংশ সংরক্ষণ ঘোষণা করে। সরকারের এই মুসলিম তোষণ নীতির বিরোধিতা করে সুপ্রীম কোর্ট এক** রায়ে বলেছে—'ধর্মের ভিত্তিতে কোন সম্প্রদায়কে সংখ্যালঘু হিসাবে স্বীকৃতি দেওয়া অনুচিত। ভারতের মত গণতান্ত্রিক দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের তালিকার প্রয়োজন নেই ......। প্রধান বিচারপতি মিঃ লাখোটি মনে করেন ধর্মীয় গোষ্ঠীকে সংখ্যালঘু সম্প্রদায় হিসাবে স্বীকৃতি দিলে দেশ তথা জাতিই দুর্বল হয়ে পড়ে। ধর্মীয় সংখ্যালঘু তকমা বিভেদকামী মানসিকতাকেই উস্কে দেয়। ধীরে ধীরে সংখ্যাগুরু ও সংখ্যালঘু বলে পৃথক শ্রেণীর অস্তিত্ব তুলে দেওয়ার লক্ষ্য মাথায় রেখেই সংখ্যালঘু কমিশন তৈরী হয়েছিল বলে জানিয়েছে সুপ্রীমকোর্ট।" (আনন্দবাজার ১১.৮.২০০৫)

কিন্তু কংগ্রেস—কমিউনিষ্ট জোট মুসলিম তোষণে অঙ্গীকারবদ্ধ। এই উদ্দেশ্যেই নিয়োগ করেছে সাচার কমিটি। সুপ্রীম কোর্টের রায়কে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে সোনিয়া-মনমোহনের UPA সরকার কেন্দ্রে-রাজ্যে প্রতিটি মন্ত্রকে কর্মরত মুসলমানদের তালিকা তৈরী করার নির্দেশ দিয়েছে। উদ্দেশ্য অতি মহৎ। সরকারের বিভিন্ন বিভাগে আরো মুসলমান নিয়োগ করা। এই নির্দেশ পাঠানো হয় সেনাবাহিনীতে। তারা জানায় তীব্র আপত্তি। কেন্দ্রীয় সরকার মুসলমানদের জন্য এক অভিনব স্কলারশিপ স্কীম প্রবর্তন করেছেন। এই প্রকল্পে পঞ্চম থেকে দশম শ্রেণী পর্যন্ত মুসলিম ছাত্রদের স্কলারশিপ দেওয়া হবে যাদের পারিবারিক আয় বার্ষিক অনধিক ২ লক্ষ টাকা। পঃ বঙ্গে CPM পরিচালিত সরকার এই ব্যাপারে বিশেষ উদ্যোগী। মাত্র ২ বৎসর পূর্বে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেছিলেন—পঃ বাংলায় হাজার হাজার বে-আইনী মাদ্রাসা রাষ্ট্রবিরোধী ও সন্ত্রাসমূলক কাজের কেন্দ্র। পরে মুসলমানের হুমকি ও দলের ধমক খেয়ে তিনি সুর পালটে হয়েছেন "মাদ্রাসা"-মন্ত্রী। তিনি কলকাতা মাদ্রাসাকে আলিয়া বিশ্ববিদ্যালয়ে উন্নীত করেছেন। দঃ ২৪ পরগণার ভাঙ্গড়ে ৩৮ একর জমির ওপর নির্মিত হচ্ছে এই নতুন বিশ্ববিদ্যালয়। পড়াশুনার ৯০% খরচ বহন করবে রাজ্য সরকার। সম্প্রতি সংবাদ মাধ্যমে বিজ্ঞাপন দিয়ে CPM-সরকার জানিয়েছে—

(ক) বণ্টিত জমির প্রায় ২৫ ভাগ পেয়েছে সংখ্যালঘু সম্প্রদায়।

(খ) শুধু মাদ্রাসা উন্নতিতেই এই রাজ্যে বরাদ্দ হয়েছে ৩৬৬ কোটি টাকা।

(গ) সংখ্যালঘুদের জীবনের মান বাড়িয়ে তুলতে আমরা সামিল আছি থাকব।

—আনন্দবাজার, ২৬.২.২০০৯

ভারতে পাকিস্তান গড়ার কারখানা ও জেহাদি হানার কেন্দ্র আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়। আমাদের মাদ্রাসা মুখ্যমন্ত্রী এই মুসলিম বিশ্ববিদ্যালয়ের একটি ক্যাম্পাস মুর্শিদাবাদে স্থাপনে বিশেষ উদ্যোগ নিয়েছেন। তাতে সর্বপ্রকার সাহায্য করছে কেন্দ্রের বিদেশমন্ত্রী "বাংলার গৌরব" প্রণব মুখার্জী।

সম্প্রতি জাতীয় সংখ্যালঘু কমিশনের চেয়ারম্যান মহম্মদ সফি কুরেশি কলকাতায় এলে—মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গৃহীত মুসলমানদের সার্বিক কল্যাণের জন্য বিভিন্ন প্রকল্প সম্বন্ধে তাঁকে অবহিত করেন। রাজ্যের সংখ্যালঘু দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আবদুস সাত্তার জানান—'আমরা সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপন করার প্রকল্প গ্রহণ করেছি। ইতিমধ্যেই আমরা সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় ২৭-টি কলেজ স্থাপন করেছি....। সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের অধিক সংখ্যক নিয়োগের জন্য ইন্টারভিউ বোর্ডে একজন সংখ্যালঘু প্রতিনিধি থাকবে।" (...... We are trying to set up three Universities for the minorities in the State. This apart, we have set up 27 new colleges in the minority dominated areas ..... we have taken steps to ensure that more minorities are recruited in different dept. We are trying to keep one minority member in the interview board.)—The Statesman, 14.1.2009

ধর্ম ও জাতির ভিত্তিতে দেশভাগ করে রাষ্ট্র এখন ধর্মনিরপেক্ষ। তবে ধর্মীয় সংখ্যালঘু মুসলমানদের জন্য এই ঢালাও সুযোগ-সুবিধা কোন যুক্তিতে? বিশেষতঃ যে মুসলমান বিদেশী ; দেশ ভাগ করে পাকিস্তান গড়ার পর তাদের তো এদেশে থাকার কোন ন্যায়সঙ্গত অধিকারই নেই।

## সেক্যুলার বুদ্ধিজীবি ও হিন্দু

ভারতবর্ষ দরিদ্র হলেও বুদ্ধিজীবিদের প্রাচুর্যে সে ভাগ্যবান। এত নক্ষত্র সমাবেশ পৃথিবীর আর কোন দেশে বোধ হয় নেই। তাই বুদ্ধিজীবিদের সংজ্ঞা সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা খুবই প্রাসঙ্গিক হবে।

Intellectual বা বুদ্ধিজীবি বলতে সাধারণতঃ বলা যায় যারা বুদ্ধির সাহায্যে জীবিকা অর্জন করে। Who earn their living by intellect. শুধু মানুষ নয়—মনুষ্যেতর প্রাণীরও বুদ্ধি আছে। তবে তো সকলেই বুদ্ধিজীবি। অভিধানে Intellect ও Intellectual-এর সংজ্ঞা দেওয়া আছে এইভাবে—

(ক) Intellect—The mind in response to its rational power—যুক্তিবাদী, বিচারবুদ্ধি সম্পন্ন মন।

(খ) Intellectual—Having the power of understanding endowed with a superior intellect—সহজাত উৎকৃষ্টতর বুদ্ধি ও মেধাসম্পন্ন ব্যক্তি।

(গ) Intellectualism—The doctrine that all knowledge is derived from pure reason–জ্ঞান যেখানে বিশুদ্ধ যুক্তিবাদ হতে আহৃত।

যতই পাণ্ডিত্য থাক না কেন যারা মতান্ধ, ভণ্ড, প্রবঞ্চক -প্রতারক (fraud and crook) তাদের বুদ্ধিজীবি বলা যাবে না। কারণ বুদ্ধির বিকাশ বা উৎকর্ষতার জন্য প্রয়োজন স্বাধীন মুক্ত চিন্তা। বুদ্ধি-বৃত্তির উৎস মস্তিষ্কটি যদি কোন দল বা মতাদর্শের নিকট গচ্ছিত রাখা হয় তবে তো আর স্বাধীন চিন্তার অবকাশ থাকে না। এদেশে বিশেষতঃ এই পঃ বাংলায় এই শ্রেণীর বুদ্ধিজীবিদের-ই সংখ্যাধিক্য। এরা ধর্মনিরপেক্ষ ও প্রগতিশীল। হিন্দুর কথা বললেই তাকে সাম্প্রদায়িক বলা হয়। অথচ যে মুসলিম লীগ ভারতব্যাপী দাঙ্গা করে দেশভাগ করছে তারা হল ধর্ম নিরপেক্ষ। এই বুদ্ধিজীবিদের দল ৬০ লক্ষ ইহুদি হত্যার জন্য হিটলারের নিন্দা করে— ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়োৎসব পালন করে সাড়ম্বরে। কিন্তু ৫ কোটি (হিটলারের প্রায় ১০ গুণ) রুশ জনগণকে হত্যা করা সত্ত্বেও ষ্ট্যালিন বন্দনায় মুক্ত কণ্ঠ। পৃথিবীর যেখানে কম্যুনিষ্টদের সর্বহারা বিপ্লব সফল হয়েছে—সেখানেই হয়েছে নরমেধ যজ্ঞ—ধ্বংসের তাণ্ডব। কম্যুনিষ্ট শাসনে এই পশ্চিমবাংলায় সাঁইবাড়ি, বিজন সেতু, মরিচ ঝাঁপি, বানতলা, ধানতলা, সিঙ্গুর—নন্দীগ্রামের জন্য ভারতব্যাপী খ্যাতি অর্জন করেছে। প্রমাণিত হয়েছে মার্কসবাদ মানবতার শত্রু। তবু কিন্তু বুদ্ধিজীবিরা কম্যুনিষ্টদের গুণমুগ্ধ। কারণ তারা মুসলিম প্রেমী ও হিন্দু বিদ্বেষী। এই বিদ্বজ্জনেরা হিন্দুদের সামান্যতম বিচ্যুতি হলে—উগ্র, গোঁড়া, ধর্মান্ধ মৌলবাদী বলে হিন্দুকে ধিক্কার দেয়। কিন্তু ইসলামের ধর্মযোদ্ধাদের জেহাদী আক্রমণে হাজার হাজার হিন্দু নিহত, হিন্দুর ধর্মস্থান আক্রান্ত ;সারা ভারত আজ জেহাদী বোমায় আতঙ্কিত ; এরা কিন্তু ভুলেও ধর্মান্ধ, মৌলবাদী বলে মুসলমানের নিন্দা করে না।

## তসলিমা ও ধর্মনিরপেক্ষ জোট

বাংলাদেশের বিখ্যাত লেখিকা তসলিমা নাসরিন। 'লজ্জা' ও 'দ্বিখণ্ডিত' উপন্যাসে বাংলাদেশে হিন্দু-নির্যাতনের কাহিনী তুলে ধরায় মুসলমান তাঁর উপর ক্রুদ্ধ। রুষ্ট ধর্মনিরপেক্ষ জোট। ২০০৭ সালের আগষ্ট। তসলিমার 'শোধ' উপন্যাসের তেলেগু সংস্করণের প্রকাশ অনুষ্ঠান হায়দ্রাবাদের প্রেস ক্লাবে। অনুষ্ঠান প্রায় শেষ হওয়ার মুখে। আচমকাই মজলিস ইত্তেহাদ উল মুসলিমিনের (MIM-নিজামের কুখ্যাত 'রাজাকারদের' দল) তিন বিধায়কের নেতৃত্বে জনা চল্লিশ মুসলমান শ্লোগান দিতে দিতে মঞ্চে উঠে তসলিমাকে আক্রমণ করে । একজন তাকে চেয়ার ছুঁড়ে মারে। উদ্যোক্তাদের কয়েকজন তাঁকে আড়াল করে অন্য ঘরে নিয়ে যায়। পরে পুলিশি নিরাপত্তায় তাঁকে বিমানবন্দরে পৌঁছে দেওয়া হয়। এই ঘটনায় পুলিশ তিন MIM বিধায়ককে গ্রেফতার করে। তাদের একজন বলেন—"আমি আগে মুসলিম, পরে বিধায়ক, দল আমার সঙ্গে ..... তসলিমা

ইসলামের শত্রু, মুসলিম সমাজের কলঙ্ক ..... তাকে হায়দ্রাবাদে থাকতে দেওয়া যায় না"—আনন্দবাজার ১০.৮.২০০৭। এই দলের বিধানসভার নেতা আকবরউদ্দিন ওয়াসিস্ বলেন—"এই শহরে যদি আবার সে আসে আমরা তাকে হত্যা করব—The Stateman 11.8.2007। কলকাতার টিপু সুলতান মসজিদের ইমামও তসলিমার মাথার জন্য লক্ষ টাকা পুরস্কার ঘোষণা করেছেন।

## কলকাতা—২১শে নভেম্বর ২০০৭

তসলিমা নাসরিনের ভিসা বাতিল ও ভারত থেকে বিতাড়ণের দাবিতে কংগ্রেসের ইদ্রিস আলির নেতৃত্বে All India Minority Forum—রাজধানী কলকাতায় পথ অবরোধ কর্মসূচী গ্রহণ করে। ফলে শহর কলকাতা বিকেল পাঁচটা পর্যন্ত এক রণক্ষেত্রের চেহারা নেয়। ভাঙচুর, অগ্নি সংযোগ, দফায় দফায় পুলিশকে আক্রমণ করা হয়। দু'জন IPS অফিসারসহ ৩৫ জন পুলিশকর্মী আহত হয়। আনন্দবাজার পত্রিকায় (২২.১১.২০০৭) সংবাদ শিরোনাম ঃ "মার খেয়েও আগাগোড়া সংযত থেকে পরিস্থিতি সামলাল পুলিশ।" ধর্মনিরপেক্ষ পুলিশমন্ত্রী মুসলিম তোষণে যে অসাধারণ সংযম দেখিয়েছেন—তার জন্য তাঁর রাষ্ট্রপতির পুরস্কার প্রাপ্য।

ধর্মনিরপেক্ষ মুখ্যমন্ত্রীর ধর্মনিরপেক্ষ পুলিশ। বেধড়ক মার খেয়েও অসাধারণ সংযম দেখায়। হামলাকারীরা মুসলমান না হয়ে হিন্দু হলে—রবার বুলেট বা জল কামান নয়, ঝাঁকে ঝাঁকে ছুটে আসত বৃন্দা কারাটের দমদম দাওয়াই—দমদম বুলেট। পেশাদারী বুদ্ধিজীবিরা "উগ্র, গোঁড়া, ধর্মান্ধ, হিন্দু মৌলবাদ নিপাত যাক" বলে ব্যানার, পোষ্টার, শ্লোগানে কলকাতাকে মিছিল নগরী বানিয়ে দিত। এবার কিন্তু তাঁরা খুবই সংযত অথবা নীরব, ইসলামের মাহাত্ম্যে অভিভূত বুদ্ধিজীবিদের শিরোমণি সুনীল (যিনি হিন্দুর দেব-দেবীদের কুৎসিৎ ভাষায় বর্ণনা করে খ্যাতির শীর্ষে) গঙ্গোপাধ্যায় বলেন—"ইসলাম এক মহান ও সুসংগঠিত ধর্ম, কোনও একজন দুর্বল লেখকের ভিন্ন ধরনের লেখায় সে ধর্মের গায়ে কোনও আচড় লাগতে পারে? CPI (M) নেতা বিমান বসু হামলাকারীদের নিন্দা না করে বরং সমর্থন করে বলেন—"তসলিমা নাসরিনের জন্য যদি আমাদের রাজ্যে শান্তি নষ্ট হয়, তা হলে ওঁর এখান থেকে চলে যাওয়াই উচিত"—আনন্দবাজার ২২.১১.২০০৭

কিন্তু নিন্দা করেন সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র ও অমর কথাশিল্পী শরৎচন্দ্রের। রবীন্দ্রসদনে বাবরি মসজিদ ধ্বংসের বাৎসরিক স্মরণোৎসবে (নিজেদের মৃত পিতা-মাতাকে ভুলেও স্মরণ করেন না।) মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেন—'আমি বুঝি না শরৎচন্দ্রের মত একজন লেখক কি করে হিন্দু মহাসভার সভ্য হতে পারেন। (I do not know how could a writer like Sarat Chandra Chattopadhayay become a member of the Hindu Mahasabha—Hindustan Times 7.12.2007) হিন্দু

শরৎ তো আর প্রগতিশীলদের ন্যায় মুসলিম লীগের সদস্য হতে পারেন না। তিনি হিন্দু মহাসভার সদস্য হবেন—এতে আশ্চর্যের কি আছে? বঙ্কিমচন্দ্র সম্বন্ধে বিদগ্ধ মুখ্যমন্ত্রীর বিস্মিত জিজ্ঞাসা—"বঙ্কিমচন্দ্র কিভাবে আনন্দমঠের ন্যায় উপন্যাস লিখতে পারেন? সম্ভবত রক্তে এ বীজ ছিল। (How could Bankim Chandra Chattopadhyay Write a novel like Anandamath ? May be a few things always remain in the blood"—Hindustan Times 7.12.2007 খুবই স্বাভাবিক। হিন্দু বঙ্কিমের ধমনীতে হিন্দু রক্ত প্রবাহিত। তাই তিনি লিখেছেন "আনন্দমঠ"—যে কালজয়ী উপন্যাস লক্ষ লক্ষ হিন্দুকে (মুসলমানকে অবশ্যই নয়) দেশপ্রেমে উজ্জীবিত করেছে; লিখেছেন স্বাধীনতার সমর সঙ্গীত "বন্দেমাতরম"। সাম্যবাদী রুশ-চীন সাম্রাজ্যবাদীদের সেবাদাস ব্রিটিশ সাম্রাজ্যের এজেন্ট কম্যুনিষ্টদের পক্ষে বিষয়টির তাৎপর্য উপলব্ধি করা কঠিন। মুসলমানের ন্যায় কম্যুনিষ্টরাও তো হিন্দু বৈরী দেশদ্রোহী। ওঁদের শরীরে কি মিশ্ররক্ত? নতুবা মুসলমানের ন্যায় কেন হবে "বন্দেমাতরম" বিরোধী?

এদেশের ধর্মনিরপেক্ষ সংবাদ মাধ্যম ও বুদ্ধিজীবির দল নির্যাতিত মানবাত্মার স্ব-নিযুক্ত অভিভাবক। অ-কম্যুনিষ্ট বিশ্বের যেখানেই মানুষের প্রতি অবিচার অত্যাচার, এরা প্রতিবাদে নিন্দায় ধিক্কারে সোচ্চার। শুধু হিন্দুর উপর নির্যাতনে কেন জানি না এরা রুদ্ধ কণ্ঠ বাক্যহারা। সংবাদপত্রে সে সংবাদ ছাপা হয় না—পাছে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়। অথচ ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর অযোধ্যায় জাতীয় কলঙ্কের প্রতীক বিতর্কিত সৌধ ভাঙ্গা হলে* পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ২৪ ঘণ্টা বনধ্ পালন করে মুসলমানদের দাঙ্গায়

---

*(ক) মুসলমান এর বদলা নেয় ভারত-পাকিস্তান-বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে শত শত মন্দির ভেঙ্গে ও হাজার হাজার হিন্দু হত্যা করে। তসলিমার 'দ্বি-খণ্ডিত' উপন্যাসে রয়েছে তারই বিস্তারিত বিবরণ। ইসলামের সেবাদাস এদেশের ধর্মনিরপেক্ষ বুদ্ধিজীবীরা নীরব থেকে সেই ধর্মীয় বর্বরতাকে সমর্থন করে। যদি বলা যায়—এ হল তথাকথিত বাবরি মসজিদ ভাঙ্গার স্বাভাবিক প্রতিক্রিয়া। তবে বলতে হয়, হিন্দুর এই ঘটনা থেকে শিক্ষা নেওয়া উচিৎ। যদি একটি অব্যবহৃত মসজিদের জন্য হাজার মন্দির ভাঙ্গা যুক্তিসঙ্গত হয়—তবে ভারতবর্ষের প্রায় সকল প্রাচীন মসজিদ (দিল্লীর জামা মসজিদসহ) হিন্দু মন্দির ভেঙ্গে সেখানেই অথবা অন্য মন্দিরের ইট-পাথর দিয়ে নির্মিত হয়েছে। অতএব এই সকল মসজিদ ভাঙ্গা হিন্দু জাতির আশু কর্তব্য।

(খ) অযোধ্যার বিতর্কিত সৌধকে হিন্দু বলে রাম মন্দির, মুসলমান বলে বাবরি মসজিদ—আদালতের ভাষায় তা হল বিতর্কিত সৌধ। (disputed structure) এদেশের ধর্ম নিরপেক্ষ দল ও বিদ্বজ্জনেরাও বলেন বাবরি মসজিদ, কেন? ধর্ম বিশ্বাসে এরা কি মুসলমান?

(গ) **বাবরি মসজিদ ও ইতিহাসের সাক্ষ্য**

মার্কসবাদী ঐতিহাসিক নিশীথ রঞ্জন রায়—"রামজন্মভূমি-বাবরি মসজিদ—ইতিহাসের

প্ররোচিত করে। প্রত্যাশিত ভাবেই মুসলমান দাঙ্গা শুরু করলে এ রাজ্যের কম্যুনিষ্ট ও কেন্দ্রের কংগ্রেস সরকার নিষ্ক্রিয় থেকে হিন্দু হত্যায় মুসলমানদের সহায়তা করে।

পৃথিবীর কোন দেশেই সংখ্যালঘু জাতি সংখ্যাগুরু জাতিকে আক্রমণ করতে পারে না। একমাত্র ধর্মনিরপেক্ষ ভারতেই তা সম্ভব। হিন্দুস্থানেই যদি হিন্দু অসহায়—তবে বাংলাদেশে হিন্দুর কি অবস্থা? তসলিমা নাসরিনের লেখায় তার মর্মন্তুদ বর্ণনা—"পরদিন হাসপাতালে বসেই খবর পাই, চট্টগ্রামে সাতশ বাড়ী ভস্মীভূত। খবর পাই ভোলার অবস্থার। ভোলায় হিন্দু এলাকাগুলো এখন ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। হাজার হাজার বাড়ি ঘর পুড়িয়ে দেওয়া হয়েছে। দশ হাজার পরিবার গৃহহারা হয়ে খোলা আকাশের নীচে বসে আছে ..... ঢাকেশ্বরী মন্দিরে (২০০৬ সালে) নিয়ে এসেছিলাম—তারাপদ রায়—আর তার স্ত্রীকে ..... আজ সেই মন্দির ভাঙ্গা, পোড়া ..... আমার লজ্জা যায় না। ....ইচ্ছে হয় চিৎকার করে কাঁদি ..... আমার চেনা অনেকে ভোলার দুর্গতদের অবস্থা দেখে ফিরে বর্ণনা করেছে বীভৎস বর্বরতার কাহিনী, সহস্র নির্যাতিতের হাহাকার, ক্রন্দন। আমি ছটফট করি।"[১] তসলিমার লজ্জা হয়, লজ্জা হয় না এদেশের মুসলমানের উচ্ছিষ্টভোগী প্রগতিশীল বুদ্ধিজীবিদের। কত হিন্দুকে হত্যা করা হয়েছে—কত হিন্দু নারী বর্বর মুসলমানদের দ্বারা ধর্ষিত হয়েছে, এদেশের ধর্মনিরপেক্ষ সংবাদ মাধ্যমে কিন্তু সে সংবাদ ছাপা হয় না। যদি নির্বীর্য, ভীরু নপুংসক হিন্দু জাতির মধ্যে কোন বিরূপ প্রতিক্রিয়া হয়! কিন্তু মুসলমানদের গায়ে কাঁটার আচড় লাগলে এদেশে ও পাকিস্তান—বাংলাদেশ তা হয় সংবাদ শিরোনাম....।

## হিন্দু ধর্মাচার্য্যগণ

স্বামী লক্ষণানন্দ গত তিন দশক ধরে উড়িষ্যার কন্ধমাল জেলায় দরিদ্র অশিক্ষিত মানুষের সেবায় নিয়োজিত। ঐ অঞ্চলে শ্রদ্ধেয় ও জনপ্রিয়। স্বামীজীর প্রভাব এলাকায় খ্রীষ্টান মিশনারীদের ধর্মান্তরকরণের পক্ষে প্রধান অন্তরায়। গত ১২ই আগষ্ট (২০০৮) খ্রীষ্টান দুষ্কৃতিরা স্বামী লক্ষণানন্দ ও আরও চারজন আশ্রমিককে রাত্রে আশ্রমেই গুলি করে হত্যা করে। স্বভাবতই হিন্দুরা ক্রুদ্ধ হয়। তারা খ্রীষ্টান পল্লীতে পাল্টা হামলা করে।

দূরবীণে" শীর্ষক প্রবন্ধে লিখেছেন—"মসজিদের গায়ে উৎকীর্ণ রয়েছে দুটি লিপি। প্রথমটি মসজিদের ভেতরে। দ্বিতীয় লিপিটি উৎকীর্ণ রয়েছে মসজিদের বাইরের দেওয়ালে। লিপিটির পাদটীকায় উল্লেখ আছে যে, একটি মন্দির ভেঙ্গে এই মসজিদটি নির্মিত হয়েছিল ..... এ তথ্যটি আমাদের সকলেরই জানা যে, মুসলিম শাসনকালে বহু মন্দির ভেঙ্গে মসজিদে রূপান্তরিত করা হয়েছিল। বাবরি মসজিদটিও এমনি ধরনের একটি স্থাপত্য।"—গণশক্তি (CPI-M) পশ্চিমবঙ্গ কমিটির মুখপত্র ৩১.১০.১৯৯০

১. তসলিমা নাসরিন—দ্বিখণ্ডিত, পৃঃ ২৫৬-২৫৮

হিন্দু ও ধর্মান্তরিত খ্রীষ্টানদের মধ্যে হাঙ্গামা ব্যাপক এলাকায় ছড়িয়ে পড়ে। পশ্চিমের খ্রীষ্টান দুনিয়ায় আলোড়ন সৃষ্টি হয়। রোমের পোপ, আমেরিকা, ইংলন্ড, ফ্রান্স ও জার্মানিসহ খ্রীষ্টান দেশগুলি সরকারিভাবে উড়িষ্যায়—খ্রীষ্টানদের উপর আক্রমণের তীব্র নিন্দা করে। ভারতের খ্রীষ্টান ধর্মযাজকগণও সভা সমিতি পদযাত্রা করে প্রতিবাদ জানায়....। খ্রীষ্টান সোনিয়া গান্ধীর একান্ত অনুগত প্রধানমন্ত্রী মনমোহন সিং স্বামী লক্ষণানন্দের হত্যায় নীরব ছিলেন। কিন্তু হিন্দুদের পাল্টা আক্রমণকে বলেছেন— জাতীয় কলঙ্ক। আমেরিকা-ইউরোপের খ্রীষ্টান রাষ্ট্রগুলি ধর্ম নিরপেক্ষ। কিন্তু উড়িষ্যায় খ্রীষ্টানদের উপর আক্রমণের তারা বলিষ্ঠ প্রতিবাদ করে। তবে বাংলাদেশে অথবা কাশ্মীরে হিন্দুদের নির্বিচার হত্যায় ভারত সরকার নীরব কেন...?

শুধু সরকার নয়—আমাদের ধর্মাচার্যদের নীরবতাও বিস্ময়কর। স্বামী লক্ষণানন্দের হত্যায় এদের কোন প্রতিক্রিয়া নেই। গোধরায় ট্রেনের কামরায় ৫৯ জন হিন্দু কর সেবককে মুসলমান জীবন্ত পুড়িয়ে হত্যা করে—কাশ্মীরে ব্যাপক হিন্দু নির্যাতন ও তিন লক্ষ কাশ্মীরী হিন্দুর স্বদেশে উদ্বাস্তু হওয়ার ঘটনায়ও এরা মৌন নির্লিপ্ত। সর্বোপরি বাংলাদেশে হিন্দুর উপর পৈশাচিক অত্যাচারেও এরা স্থিতপ্রজ্ঞের ন্যায় নির্বিকার ..... এঁরা—"সর্বধর্ম সমন্বয়ের" বাণী বিতরণ করেন—অষ্টপ্রহর নাম সংকীর্তনের নামামৃত পান করে দিব্যানন্দে বিভোর থাকেন। এঁরা, বিশেষত পশ্চিম বাংলার ধর্মগুরুগণ সকলেই তো ওপার বাংলা থেকে "আল্লা-হো-আকবর" রণহুঙ্কারে ভীত হয়ে এপারে এসেছেন। তবে এখন 'সর্ব ধর্ম সমন্বয়ের' মাধুরী বিতরণ কেন? হিন্দুদের কাণ্ডজ্ঞান নেই, কিন্তু দিব্যজ্ঞান আছে ষোল আনা। ধর্মাচরণের জন্য তো ধর্মরক্ষার প্রয়োজন আছে। ঋষি বিশ্বামিত্র দশরথের কাছ থেকে নাবালক রাম-লক্ষণকে নিয়েছিলেন কেন? রাক্ষসদের উপদ্রবে যাগ-যজ্ঞ বন্ধ হওয়ার উপক্রম। বিশ্বামিত্র রাম-লক্ষণকে অস্ত্রশিক্ষা দিয়ে তারকাসহ রাক্ষসদের বধ করে ধর্মাচরণ নিশ্চিত করেন। এই তো রামায়ণের শিক্ষা। ভগবান শ্রীকৃষ্ণও তো সেই শিক্ষাই দিয়েছেন—অসুরদের বিনাশ, সাধু মহাত্মাদের রক্ষা করে ধর্ম সংস্থাপন করার জন্য আমি যুগে যুগে অবতীর্ণ হই। কিন্তু আমরা সুদর্শন চক্রধারীর ভজনা করি না, গীতা পাঠ করি না। লীলা কীর্তনের আসরে বসে তাঁর বাল্যকালের বৃন্দাবন লীলার মধুর রস আস্বাদন করি। কিন্তু কতদিন? এ রকম "রস আস্বাদন" তো পূর্ব বাংলায়ও করা হত। তারপর পালিয়ে এলাম এ পাড়ে। কিন্তু পালিয়ে কি বাঁচা যায়? ইসলামের উদ্যত তরবারি ধেয়ে আসছে। ইতিমধ্যেই সীমান্তবর্তী পাঁচটি জেলা মুসলিম সংখ্যাগরিষ্ঠ। সীমান্ত থেকে অনেকে বাড়ী বিক্রয় করে আরও ভেতরে চলে আসছে। আজ যেখানে অপূর্ব কারুকার্য খচিত মন্দির—কাল সেখানে উঠবে মসজিদ। দেবতার সন্ধ্যারতি নয়—হবে নমাজ পাঠ। দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছে।

আর তো পালাবার পথ নেই। এবার প্রতিরোধ, আত্মরক্ষা। শাস্ত্র বলেছে আত্মরক্ষায় ব্রহ্ম হত্যাও পাপ নয়। হিন্দুর আজ আত্মরক্ষার দিন। আত্মরক্ষা হলেই ধর্ম রক্ষা হবে।

## ভারত বিভাগ

বাংলাদেশের বিখ্যাত লেখক ও মানবাধিকার সংগঠন Amity for Peace-এর Chief Executive সালাম আজাদ বাংলাদেশের প্রায় এক কোটি অসহায় অবরুদ্ধ হিন্দুর করুণ অবস্থা বর্ণনা করে বলেছেন—"বাংলাদেশের হিন্দু, যারা জনসংখ্যার ১০ শতাংশ—তাদের সামনে তিনটি পথ খোলা আছে। ইসলামে ধর্মান্তর, দেশত্যাগ অথবা আত্মহত্যা। (Hindus in Bangladesh, who comprise about 10% of the population are now left with three options. They can embrace Islam, leave the country or commit suicide—(The Statesman 10.2.2002)। এই একই ভবিষ্যদ্বাণী করেছিলেন প্রয়াত সমাজতন্ত্রী নেতা—সাংসদ অধ্যাপক সমর গুহ আজ থেকে প্রায় ছয় দশক পূর্বে। পাকিস্তানে ইসলামি শাসনব্যবস্থার স্বরূপ বিশ্লেষণ করে তিনি বলেন "…..স্বভাবতই সংখ্যালঘু অ-মুসলমানরা স্বেচ্ছায় বাধ্য হয়েই ইসলামের আদর্শকেই গ্রহণ করবে …. কালক্রমে হয় নিশ্চিহ্ন হওয়া অথবা ইসলাম গ্রহণ করা ব্যতীত অমুসলমানদের গত্যন্তর নেই। (….Obviously the non-muslim minorities of Pakistan, whether willingly or perforce are bound to accept Islam's ideology as their own …. the fate of the non-Muslims await either elimination from Pakistan or gradual absorption in its body politic.)[১]

হিন্দুর এই দুর্দশার জন্য কে দায়ী? দায়ী দেশ বিভাগ। যে দেশ বিভাগে মুসলমানদের সর্ব প্রকারে সহযোগিতা করে কংগ্রেস ও কম্যুনিষ্ট পার্টি। ১৯৪৭ সালের ১২ই জুন। কংগ্রেস ওয়ার্কিং কমিটির সভায় দেশ বিভাগের প্রস্তাব গৃহীত হয়। ১৪ই জুন AICC-র পূর্ণাঙ্গ অধিবেশনে সেই প্রস্তাব অনুমোদনের জন্য পেশ করা হয়। প্রস্তাবের সমর্থনে গান্ধী প্রায় ৪০ মি. বক্তব্য রাখেন। তিনি বলেন—"ভারত বিভাগের বিরোধী হয়েও আজ তিনি AICC-র অধিবেশনে এসেছেন ভারত বিভাগ প্রস্তাব গ্রহণের অনুরোধ নিয়ে। অপ্রীতিকর সিদ্ধান্ত কখন কখনও গ্রহণ করতে হয়। (He advised the house to accept the resolution ….. he was one of those who had steadfastly opposed the division of India. Yet he had come before the AICC to urge the acceptance of the resolution on India's division. Sometimes certain decision, however unpalatable they might be, had to be taken.)[২] বিতর্ক

১. Prof. Samar Guha—Non Muslims behind the curtain of East Pakistan, p. 45

২. R. C. Majumder—History of the Freedom Movement in India.-Vol.-III, p. 671.

শেষে দেশ বিভাগের প্রস্তাব ১৫৭-২৯ ভোটে গৃহীত হয়। ৩২ জন প্রতিনিধি ভোটদানে বিরত থাকে। হিন্দু মহাসভার পক্ষ থেকে এক প্রস্তাবে বলা হয়—ভারত এক ও অবিভাজ্য। যতদিন না বিচ্ছিন্ন অংশগুলিকে পুনরায় মূল ভারত ভূ-খণ্ডের সঙ্গে সংযুক্ত করা যায়, ততদিন শান্তি অধরা হয়েই থাকবে।

পাকিস্তান রাষ্ট্র গঠনে কম্যুনিষ্ট পার্টির উদ্যোগ ও সক্রিয় ভূমিকা উল্লেখ যোগ্য। '৪২ সালে গান্ধী 'ভারত ছাড়' (Quit India) আন্দোলনের ডাক দেন। কম্যুনিষ্ট পার্টি শ্লোগান দিল "আগে দেশ ভাগ হবে, তারপর দেশ স্বাধীন হবে" ; Divide and Quit. পার্টির ইস্তাহারে তারা সগর্বে ঘোষণা করে—'একমাত্র কম্যুনিষ্ট পার্টিই মুসলমানের পাকিস্তান দাবিকে সঙ্গত বলে মনে করে ; এবং দাবি আদায়ের জন্য কংগ্রেস-কম্যুনিষ্ট-মুসলিম লীগের ঐক্যবদ্ধ আন্দোলনের আহ্বান জানায়।" (The Communist Party is the only party that recognises Muslim's demand for Pakistan as just and calls the league to achieve the fundamental goal of Pakistan through united struggle of the Congress, Muslim League and the Comminists.[১]

ধর্মনিরপেক্ষ কংগ্রেস কম্যুনিষ্ট—মুসলিম লীগের ষড়যন্ত্রে ভারত বিভক্ত হল। এই ষড়যন্ত্রের বলি হল একমাত্র পঃ পাকিস্তানেই প্রায় ২৫ লক্ষ হিন্দু-শিখ। ১৯৫০ সাল। পূর্ব পাকিস্তানে বিধ্বংসী সন্ত্রাসের পর লক্ষ লক্ষ হিন্দু নর-নারী লাঞ্ছিত উৎপীড়িত ও সর্বস্বান্ত হয়ে পঃ বাংলায় আশ্রয় নেয়। তখন এ বঙ্গে আন্দোলন আরম্ভ হল যে যত সংখ্যক হিন্দু পূঃবঙ্গ হতে বিতাড়িত হয়েছে, সেই সংখ্যক মুসলমানকে পূঃবঙ্গে পাঠিয়ে হিন্দু উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক, যেমন হয়েছে পাঞ্জাবে। "ইহাতে ক্রুদ্ধ হইয়া প্রধানমন্ত্রী জহওরলাল নেহেরু গান্ধীর প্রতিধ্বনি করিয়া বলিলেন যে, ইহা ধর্ম নিরপেক্ষ ভারত রাষ্ট্রে (Secular State of India) অসম্ভব। প্রধানমন্ত্রী বিধানচন্দ্র রায়কে (পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী) নির্দেশ দিলেন, পূর্ববঙ্গ হইতে উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গে আশ্রয় দেওয়া বন্ধ করিতে হইবে।" ঐতিহাসিক রমেশ চন্দ্র মজুমদারের মতে "যে দুইখানি চিঠিতে নেহেরু এই অভিমত প্রকাশ করিয়াছেন তাহা চিরকাল মহাত্মা গান্ধী ও পণ্ডিত জওহরলাল নেহেরুর দূরপনেয় কলঙ্ক ও নিষ্ঠুরতার চরম নিদর্শন বলিয়া গণ্য হইবে।..... মহাত্মা গান্ধীর জাতীয় আদর্শ ও পণ্ডিত নেহেরুর ভাবোচ্ছাসের যূপকাষ্ঠে যে কোটি কোটি বাঙালীর বলিদান হইয়াছে, বাঙালী যদি কখনও মনুষ্য পদবাচ্য হয় তবে ইহার জবাবদিহি চাহিবে।" [২]

পাকিস্তান রাষ্ট্র গঠিত হলে মুসলমানের হাতে প্রায় অর্ধকোটি (উভয় পাকিস্তান) হিন্দু

---

১. Bhawani Sen—Muktir Pathe Bangla, Secy. CPI Bengal Committee. Published by Kanai Roy on behalf of the CPI.

২. রমেশচন্দ্র মজুমদার—বাংলাদেশের ইতিহাস, ৪র্থ খণ্ড, পৃঃ ৪৩৮-৪৩৯

নিহত হয়। লক্ষ লক্ষ হিন্দু নারী হয় ধর্ষিতা অপহৃতা। কোটি কোটি হিন্দু-শিখ সর্বস্ব হারিয়ে আশ্রয় নেয় খণ্ডিত ভারতে। মানব ইতিহাসে এত রক্তপাত, এতবড় Tragedy পূর্বে কখনও সংঘটিত হয় নি। অনেকের ন্যায় ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী, ডঃ বি. আর. আম্বেদকর এইরূপ আশঙ্কা করেই লোক বিনিময় দাবি করেছিলেন। কিন্তু কংগ্রেসের কাণ্ডজ্ঞানহীন নেতৃবৃন্দ বিদ্রূপের সঙ্গে সে প্রস্তাব বাতিল করেন। জবাবে ডঃ আম্বেদকর বলেন, যাঁরা উপহাস করছেন, তাদের তুরস্ক—গ্রীস-বুলগেরিয়ার ইতিহাস পড়া উচিৎ। এই সকল দেশ লোক বিনিময়ের মাধ্যমেই এই সমস্যার স্থায়ী সমাধান খুঁজে পেয়েছিল। কাজটি কিন্তু মোটেই সহজ ছিল না। মোট ২ কোটি মানুষকে এক দেশ হতে অন্য দেশে স্থানান্তরিত করতে হয়। তিনটি ক্ষুদ্র দেশ যা পারে—উপমহাদেশ তুল্য বিশাল ভারত তা পারবে না কেন? অন্ততঃ একতরফা ভাবে হিন্দুদের এদেশে আনা যেত। দ্বিতীয়তঃ রাষ্ট্রপুঞ্জের উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর বিগত ৬০ বৎসর ধরে পৃথিবীর সকল উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসনের ব্যবস্থা করছে। কোটি কোটি হিন্দু-শিখ-শরণার্থীর জন্য রাষ্ট্রপুঞ্জের সাহায্য নেওয়া হল না কেন? তাহলে অন্তত উদ্বাস্তুদের চরম দুরবস্থার মধ্যে দিনাতিপাত করতে হত না। অনেক গোপন তথ্য প্রকাশ পাবে, সত্য উদ্‌ঘাটিত হবে, গান্ধী-নেহেরুর কি এরকম আশঙ্কা ছিল?

লোক বিনিময়ের প্রসঙ্গে গান্ধী বলেন—"লোক বিনিময়ের কথা আমি ভাবিতেই পারি না। আমি মনে করি উহা সম্পূর্ণ অসম্ভব প্রস্তাব। যিনি যে প্রদেশেই থাকুননা কেন, হিন্দুই হউন আর মুসলমানই হউন অথবা আর কোন ধর্মে বিশ্বাসী হউন, তিনি ভারতবাসী"। মুসলমান সহস্র কণ্ঠে সহস্রবার সুস্পষ্ট ঘোষণা করেছে যে, সে মুসলমান, ভারতীয় নয়। তার আনুগত্য ভারত নয়—পশ্চিম এশিয়ার মুসলমান দেশগুলির প্রতি। এর পরও কেহ যদি বলেন যে, মুসলমান ভারতীয়, তবে ঐতিহাসিক রমেশচন্দ্র মজুমদারের ভাষায়—"তার মস্তিষ্কের সুস্থতা সম্বন্ধে সন্দেহ করিবার সঙ্গত কারণ আছে।" [১]

লোক বিনিময় হল না। সাড়ে তিন কোটি মুসলমানকে এদেশে রেখে দেওয়া হল। পাঁচটি সাদি—২৫টি বাচ্চা আর অনুপ্রবেশের কল্যাণে মুসলমান আজ ২০ কোটি। সারা ভারতে তৈরী হয়েছে অসংখ্য "মিনি পাকিস্তান"। ভারত আজ জেহাদীদের অভয়ারণ্য। গান্ধীর সার্টিফিকেট, সকল মুসলমান ভারতীয়। তাই কাশ্মীরে লক্ষ মুসলমানের শ্লোগান—"জিয়ে জিয়ে পাকিস্তান, তেরি জান, মেরি জান। পাকিস্তান পাকিস্তান। আমরা পাকিস্তানি, পাকিস্তান আমাদের। ইসলাম ধর্ম আমাদের একসূত্রে গ্রথিত করেছে।"

## হিন্দুস্থানে হিন্দু উদ্বাস্তু

শুধু পাকিস্তান বা অধুনা বাংলাদেশ নয়, এই ভারতেও হিন্দু নির্যাতিত। স্বদেশে পরবাসী। কাশ্মীর ভারত যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য। নেহেরুর পরম স্নেহাস্পদ

---

১. রমেশচন্দ্র মজুমদার—বাংলাদেশের ইতিহাস, ৪র্থ খণ্ড, পৃঃ ৪৩৭

ভ্রাতৃপ্রতিম শেখ আবদুল্লার সময় থেকেই কাশ্মীরের সকল সরকারের দীর্ঘমেয়াদী পরিকল্পনা হল হিন্দু বৌদ্ধদের বিতাড়িত করে জম্মু-কাশ্মীরকে পুরাপুরি মুসলিম রাজ্যে রূপান্তরিত করা। এই উদ্দেশ্যেই জম্মু ও লাদাখে মুসলিম বসতি স্থাপন করে জাতি বিন্যাসের (demographic) পরিবর্তন করা হয়েছে। জম্মু-কাশ্মীর রাজ্যের তিনটি অঞ্চল। হিন্দু প্রধান জম্মু, মুসলিম সংখ্যাগরিষ্ঠ কাশ্মীর উপত্যকা ও বৌদ্ধ প্রধান লাদাখ। গোটা রাজ্যে নিরঙ্কুশ মুসলিম প্রাধান্য স্থাপনের জন্য নেহেরুর নির্দেশে রাজ্যে জন প্রতিনিধির সংখ্যা এইভাবে নির্ধারিত হয়। নির্বাচন কমিশনের তথ্য অনুসারে।

| | আয়তন | ভোটার | এম. এল. এ. | এম. পি. |
|---|---|---|---|---|
| জম্মু | ২৬,০০০ বঃকিমি | ২৮,৯২,২৯০ | ৩৭ | ২ |
| কাশ্মীর উপত্যকা | ১৫,০০০ বঃকিমি | ২৫,৪৬,৯১০ | ৪৬ | ৩ |

লাদাখের জন্য বরাদ্দ মাত্র ১ জন বিধায়ক।

১৯৮৮-৮৯ সাল। মুসলিম বান্ধব ভি. পি. সিং ভারতের প্রধানমন্ত্রী। জামা মসজিদের সংস্কারের জন্য এই ধর্মনিরপেক্ষ ভি. পি. সিং ৫০,০০০ টাকা দিয়েছিলেন। CPI-M নেতা জ্যোতি বসুর পরামর্শে ইনি মুফতি মহম্মদ সৈয়দকে (বর্তমানে PDP নেতা) কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী নিয়োগ করেন। এঁর রাজত্বে কাশ্মীরে হিন্দুদের উপর শুরু হয় ব্যাপক নির্যাতন। সেই ভয়াবহ ইসলামি সন্ত্রাসে কাশ্মীরের তিন লক্ষ হিন্দু আজ স্বদেশে উদ্বাস্তু। আজ প্রায় ২০ বছর ধরে তাদের স্থান হয়েছে জম্মুর সরকারি শরণার্থী শিবিরে। ২০০৫ সালে পাকিস্তানের একদল সাংবাদিক আসে ভারতে। তারা জম্মুতে কাশ্মীরি হিন্দু ত্রাণ শিবির পরিদর্শন করে। পাক সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ৪৫ বছর বয়স্ক জনৈক শরণার্থী কিভাবে সন্ত্রাসের বাতাবরণ তৈরী হয়েছে এবং কেন তাদের পালিয়ে আসতে হয়েছে তার বর্ণনা দেন। আমাদের প্রতিবেশী মুসলমানদের শ্লোগান ছিল খুবই ভীতিপ্রদ। তারা বলত আমরা চাই পণ্ডিতদের বাদ দিয়ে তাদের রমনীদের নিয়ে কাশ্মীরকে পাকিস্তানের সাথে যুক্ত করতে। (A 45 years old Bank Official pointed the atmosphere of terror, that forced his family to flee Tanmong .....'The Chants of some of our neighbours were terrifying" They would say, we want Kashmir to be with Pakistan without the Pundits, but with their women—Hindustan Times, 5.10.2005)। চারটি জেহাদি সংগঠন সতর্ক করে দিয়ে ঘোষণা করেছে, পণ্ডিতদের যদি কাশ্মীরে ফিরিয়ে আনা হয়, তবে আমাদের আক্রমণের হাত থেকে তারা পরিত্রাণ পাবে না। এই পণ্ডিতরা হল কাশ্মীরের স্বাধীনতা সংগ্রামের প্রধান শত্রু। (Four militant groups have warned that if Kashmiri Pundits were brought back to the valley, they would not be safe from

our attacks..... The groups also declared that Pundits were the "arch enemies" of Kashmir's freedom movement.

—Hindustan Times, 24.7.2005

## সংবিধান

ধর্মনিরপেক্ষ দুষ্ট চক্র সর্বদাই ধর্মনিরপেক্ষ সংবিধানের দোহাই দেয়। সেই অতি পবিত্র সংবিধান সম্বন্ধে বিশেষ জ্ঞাতব্য—

(ক) জনগণ নয়—প্রাদেশিক আইন সভার সদস্যরাই গণ পরিষদের (Constituent Assembly) সদস্যদের নির্বাচিত করেন। মাত্র ১৪ শতাংশ জনগণের ভোটে এই আইন সভার সদস্যরা নির্বাচিত হতেন।

(খ) গণ পরিষদের চেয়ারম্যান ছিলেন ডঃ রাজেন্দ্রপ্রসাদ। ডঃ বি. আর আম্বেদকর ছিলেন খসড়া কমিটির চেয়ারম্যান। সংবিধান রচনায় প্রধান ভূমিকা ছিল নেহেরু, প্যাটেল, আজাদ ও রাজেন্দ্রপ্রসাদের—আম্বেদকরের নয়। বিশিষ্ট সংবিধান বিশারদ K. V. Rao তাঁর Parliamentary Democracy of India গ্রন্থে মন্তব্য করেছেন—"My reading of the Constitution makes me feel that it is inappropriate to call Dr. Ambedkar, the father of the Constitution. If any people are entitled to be called so, they are Nehru and Patel.

সর্বোপরি, জাতীয় কংগ্রেসের আদর্শই ভারতীয় সংবিধানের আদর্শ, লক্ষ্য ও দর্শনে পরিণত হয়েছে। রচিত সংবিধানটিকে গণভোটে পেশ করা হয়নি। তাই এই সংবিধানকে জনগণের সংবিধান বলা যায় না। "We, the people of India" in the preamble is high sounding but empty ; the people were neither directly nor indirectly connected with the framing of the Constitution either at the begining or at the end বলেন K. V. Rao.

ক্ষমতা হস্তান্তরের আলোচনায় প্রস্তাব করা হয়েছিল, দেশের একটি অংশের নাম যদি 'পাকিস্তান'—তবে অপর অংশের নাম হোক 'হিন্দুস্থান'। খুবই সঙ্গত এ প্রস্তাব। কিন্তু তীব্র আপত্তি জানায় কংগ্রেস। তাদের বক্তব্য—দেশের নাম হিন্দুস্থান হলে হিন্দুর প্রাধান্য সূচিত হয়। কিন্তু ভারত যে সকলের দেশ এবং তারা হিন্দু-মুসলমান সহ সকলের প্রতিনিধি। নির্মম-এ পরিহাস। প্রকৃতপক্ষে হিন্দু জাতিকে দুর্বল করা ও হিন্দু বা ভারতীয় জাতীয়তাবাদকে ধ্বংস করার এ এক কুটিল চক্রান্ত। এই চক্রান্তের প্রথম শর্ত হল "হিন্দু" শব্দটিকে জাতীয় জীবনের সর্বক্ষেত্রে বর্জন করতে হবে। গণ পরিষদের গঠনতন্ত্র এর উল্লেখযোগ্য উদাহরণ। গণ পরিষদের সকল আসন "সাধারণ" (অ-মুসলমান, অ-শিখ) "মুসলমান" ও "শিখ" এই তিন সম্প্রদায়ের মধ্যে সমানুপাতিক হারে ভাগ হয়। ব্রিটিশ ভারতের জন্য নির্দিষ্ট মোট আসন ২৯২টির মধ্যে সাধারণ-২১০, মুসলমান-৭৮,

